



## ফ্ল্যাটের দখল বুকে নেয়ার জরুরী বিজ্ঞপ্তি (সংশোধনী)



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীন “কল্লবাজার জেলায় সরকারী জমিতে আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক প্রকল্পের যে সকল বরাদ্দ প্রাপক প্রসপেক্টাস ও বরাদ্দপত্রের শর্তানুযায়ী ইতিমধ্যে ফ্ল্যাটের অর্ধেক মূল্য পরিশোধ করেছেন এবং যাদের উক্ত মূল্য এখনো অপরিশোধিত আছে তাঁদেরকে উক্ত মূল্য পরিশোধ করে (মূল্য পরিশোধের ব্যাংক সনদ, এনআইডি ও বরাদ্দপত্রের সত্যায়িত কপি, ছবি ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক কর্তৃক হলফনামাসহ) ফ্ল্যাটের দখল বুকে নেয়ার লক্ষ্যে ৩১/০৮/২০২০ তারিখের মধ্যে অত্র দপ্তরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। সেপ্টেম্বর/২০২০ এর ১ম সপ্তাহ হতে বরাদ্দ প্রাপকদের অনুকূলে ফ্ল্যাটের দখল হস্তান্তর কার্যক্রম শুরু করা হবে। বর্তমানে প্রকল্পের কাজ সমাপ্ত হওয়ায় এবং প্রকল্পের মেয়াদ জুন/২০২০ মাসে উত্তীর্ণ হওয়ায় ফ্ল্যাট সমূহের ইউটিলিটি বিল জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হতে পরিশোধের সুযোগ না থাকায় এখন থেকে উক্ত বিল হারাহারিভাবে ভবন ভিত্তিক বরাদ্দ প্রাপকদের পরিশোধ করতে হবে।

বি:দ্র: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ২০৯ তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী ফ্ল্যাটের দখল গ্রহণের পূর্বে পরিশোধযোগ্য মূল্য ও দখল গ্রহণের পরে কিস্তিতে অবশিষ্ট মূল্য পরিশোধের সংশোধিত হিসাব বিবরণী (ফ্ল্যাটের আয়তন ভিত্তিক) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট ([www.nha.gov.bd](http://www.nha.gov.bd)) এ দেয়া আছে। এ বিষয়ে ৩০০ টাকার স্ট্যাম্পে হলফনামা দাখিল করতে হবে। যারা চালানোর কপি অত্র অফিসে এখনও জমা দেন নাই তারা e-mail-[shahjahannha@gmail.com](mailto:shahjahannha@gmail.com) এ প্রেরন করার জন্য অনুরোধ করা হল।  
প্রয়োজনে যোগাযোগ করুন- ০১৭১১১৯০০০০, ০১৭৪১৯৬৪১৯৭ (হিসাব শাখা)।

নির্বাহী প্রকৌশলী  
চট্টগ্রাম ডিভিশন  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
নাসিরাবাদ, চট্টগ্রাম।